

আমাদের ময়!

কার্যকর ব্যবস্থা নিতে হবে : শিক্ষার্থী পায়নি রাজধানীর সাধারণ স্কুলগুলো

১৭ জানুয়ারি ২০২১ ০০:০০

আপডেট: ১৭ জানুয়ারি ২০২১ ০০:০২

আমাদের ময়!

করোনা ভাইরাস বিশ্বের সব খাতে বড় ধরনের একটা ধাক্কা দিয়েছে। তার মধ্যে শিক্ষা খাত অন্যতম। আমাদের দেশেও ব্যতিক্রম নয়। করোনার প্রভাবে এবার নতুন শিক্ষাবর্ষ শুরুর পর দ্বিতীয় সপ্তাহও শেষ হয়েছে। প্রতিবছর একই সময় ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর শুরু হয় শিক্ষা কার্যক্রমও। কিন্তু এবারের চিত্র উল্লেখ। সন্তানদের নতুন শ্রেণিতে ভর্তি করাতে আগ্রহ নেই অভিভাবকদের। বড় অঙ্গের আর্থিক চাপ ভর করেছে অভিভাবকদের ওপর। এ ছাড়া স্কুল খোলা নিয়ে অনিশ্চয়তায়ও ভর্তিতে আগ্রহ দেখাচ্ছেন না অভিভাবকরা। মানুষের আয়-রোজগার কমে গেছে। ব্যবসা বন্ধ হয়েছে বা কমেছে। কর্ম হারিয়েছে অনেক মানুষ। এ কারণে শহর থেকে পরিবারগুলো গ্রামে চলে গেছে। শুধু রাজধানী নয়, সারাদেশেই নতুন বছরে অনেক শিক্ষার্থী ঝরে পড়ছে।

এখন সরকারের প্রথম দায়িত্ব হলো যারা ঝরে পড়ছে, তাদের কীভাবে ফের বিদ্যালয়মুখী করা যায়, সেই কর্মপরিকল্পনাও এখনই ঠিক করা। এ ক্ষেত্রে আর্থিক সহায়তা ও খাদ্যের বিনিময়ে শিক্ষার মতো কর্মসূচিগুলো নতুন করে জোরদার ও সম্প্রসারিত করা যেতে পারে। সাম্প্রতিক বছরগুলোতে যে বিদ্যালয়ে শিক্ষার্থীর ঝরে পড়ার সংখ্যা কমে গিয়েছিল, তার পেছনের কারণ হচ্ছে মেয়েদের উপর্যুক্তি দেওয়া এবং স্কুলে দুপুরের খাওয়ার ব্যবস্থা। তবে দুপুরের খাবারের ব্যবস্থা সব বিদ্যালয়ে করা যায়নি। করোনা কেবল বাংলাদেশ নয়, সব উন্নয়নশীল দেশকেই বড় ঝুঁকিতে ফেলেছে। এই ঝুঁকি কমিয়ে আনার উপায় হলো বিদ্যালয়গামী প্রতিটি শিক্ষার্থীর আর্থিক অবস্থা পরিমাপ করে প্রয়োজনীয় সহায়তা দেওয়া। এমনকি অভিভাবকদের সহায়তা দেওয়ার ক্ষেত্রেও শিক্ষার্থীকে বিদ্যালয়ে পাঠানোর শর্ত আরোপ করা যেতে পারে। এ ধরনের কর্মসূচি সফল করতে হলে সরকারকে শিক্ষা খাতে বরাদ্দ আরও বাড়াতে হবে। আমরা চাই করোনার আগে যারা বিদ্যালয়ে যেত, তাদের করোনার পরে বিদ্যালয়ে নিয়ে আসার কার্যকর ব্যবস্থা সরকার নেবে।

ভারপ্রাণ সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারা ও টেলিক

আমাদের মমতা

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy